

প্রথম আলো

তারিখ: ১০ জানুয়ারি ২০২১খ্রি.



বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM)

(ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)

এবং

SEIP প্রকল্প, অর্থ বিভাগ

অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।



সরকারি ও বেসরকারি কর্মকর্তাদের জন্য 'পলিসি এনালাইসিস' শীর্ষক বৃত্তিমূলক প্রশিক্ষণ কোর্স (প্রণোদনাসহ) - ১১তম ব্যাচ

বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM) বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীন SEIP প্রকল্পের আওতায় 'পলিসি এনালাইসিস' শীর্ষক সরকারি ও বেসরকারি কর্মকর্তাদের জ্ঞান ও নীতি-বিশ্লেষণী মানসিক দক্ষতা বৃদ্ধির জন্য ১০ সপ্তাহ মেয়াদী বিশেষ প্রশিক্ষণের আয়োজন করেছে। SEIP- এর আওতায় দু'সপ্তাহ বা তার অধিক মেয়াদি কোন কোর্সে অংশগ্রহণকারী বা অনুরূপ কোর্স সম্পন্নকারী ব্যক্তিদের আবেদন করার প্রয়োজন নেই।

সরকারি কর্মকর্তাদের জনপ্রশাসন মন্ত্রণালয়ের (www.mopa.gov.bd) ওয়েবসাইটে “সর্বশেষ খবর” শিরোনামের অধীন গত ০৬ জানুয়ারি ২০২১ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসরণক্রমে আবেদন করতে হবে। বেসরকারি কর্মকর্তাদের আবেদনের নির্দেশনা নিম্নরূপঃ

কোর্সের বৈশিষ্ট্য

- মোট ৩৫ টি আসন
- বেসরকারি কর্মকর্তাদের জন্য ৩০ শতাংশ আসন বরাদ্দ
- নারী প্রশিক্ষার্থীদের জন্য আসন বরাদ্দ
- প্রশিক্ষণ কোর্সে সর্বোচ্চ ফলাফল অর্জনকারী ৫-৭ জন প্রশিক্ষার্থীর জন্য Lee Kuan Yew School of Public Policy, Singapore - এ উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা
- বৃত্তিমূলক কোর্স (প্রণোদনাসহ)
- ১০ সপ্তাহের কোর্স
- প্রথম ৬ সপ্তাহে শনিবার হতে বুধবার পর্যন্ত ক্লাস হবে (সকাল ৯:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত)
- পরবর্তী ৪ সপ্তাহে পলিসি পেপার প্রস্তুত ও মূল্যায়ন করা হবে
- যাতায়াত ভাড়া বাবদ প্রতিদিন ৫০০ টাকা বরাদ্দ ও দুপুরের খাবারের ব্যবস্থা
- প্রশিক্ষার্থীকে বা তাঁর প্রতিষ্ঠানকে কোন কোর্স ফি দিতে হবেনা
- কোর্স শুরু তারিখ: ০৭/০২/২০২১

আবেদনকারীর যোগ্যতা

- বেসরকারি চাকুরিতে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা
- ন্যূনতম স্নাতকোত্তর। অন্তত ২য় শ্রেণীতে উত্তীর্ণ
- বয়সসীমা ৩০ থেকে ৫২ বছর পর্যন্ত।

আবেদনের নিয়ম

- প্রশিক্ষার্থীকে তাঁর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি গ্রহণক্রমে আবেদন করতে হবে এবং প্রশিক্ষণে যোগদানের পূর্বে এ সংক্রান্ত অনুমতি পত্র দাখিল করতে হবে
- ২ কপি পাসপোর্ট সাইজ ছবি, স্নাতকোত্তর সনদ ও জাতীয় পরিচয়পত্রের অনুলিপি দাখিল করতে হবে
- BIGM এর ওয়েবসাইট- এ Training অপশনে গিয়ে Policy Analysis - এর আবেদন ফরম Download করে পূরণ করতে হবে। পূরণকৃত ফরম উল্লিখিত সংযুক্তিসহ scan করে application.pac.bigm@gmail.com -এই ই-মেইলে পাঠিয়ে দিতে হবে
- BIGM -এ ব্যক্তিগতভাবে উপস্থিত হয়েও আবেদন করা যাবে
- আবেদনের শেষ তারিখঃ ২৫/০১/২০২১

ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭. www.bigm.edu.bd

ফোন : ৯১৪১০৩১, ৯১৪১০৬৫, ৯১৪১২৫২ এক্সটেনশন : ১২৭, ১৩০, ১৪১; ০১৯৩২ ৬৯৮৪৭২, ০১৬৮৫ ৬৮৪৪৭৩